

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ১৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
অধিশাখা-৬  
প্রজ্ঞাপন

তারিখ : ০৮ আশ্বিন ১৪২১ বঙ্গাব্দ/২৩ সেপ্টেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩২.০০৯.১১(অংশ-১)-১২৫।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, ১৭ অক্টোবর, ২০১৪ হতে ১৬ এপ্রিল, ২০১৫ পর্যন্ত ৬(ছয়) মাসের জন্য বাংলাদেশ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প কারখানাকে উক্ত আইনের ধারা ১০০ ও ১০২ এর প্রয়োগ হতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল :

শর্তাবলী :

- (১) অতিরিক্ত সময় কাজের জন্য প্রচলিত বিধান মোতাবেক সাধারণ হারের দ্বিগুণ হারে ভাতা প্রদান করিতে হইবে।
- (২) কোন শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতিরেকে কোন কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘণ্টার অধিক সময় কাজ করানো যাইবে না।
- (৩) সাপ্তাহিক ছুটি যথারীতি প্রদান করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মহিউদ্দিন আহমেদ খান  
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

( ১০০১ )

মূল্য : টাকা ৪.০০